সমকাল

22 APR 2016
৪ ... ৮

শিকলে বেঁধে নির্যাতন-

# যশোরে সেই শিশুর বাবা ও মাদ্রাসা সুপার আটক

■ যশোর অফিস

যশোরের বাঘারপাড়ায় শিশুকে শিকলে বেঁধে নির্যাতনের ঘটনায় সেই শিশুটির বাবা আবদুল আলীম ও স্থানীয় সদুল্লাপুর দড়িলাকুড়ে হাফিজিয়া মাদ্রাসার সুপার জাহাঙ্গীর আলমকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে তাদের আটকের পর বিকেলে আদালতে পাঠানো হয়। এদিকে নির্যাতনের ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে জেলা পুলিশ প্রশাসন।

আটকের বিষয়টি নিশ্চিত করে যশোরের পুলিশ সুপার আনিসুর রহমান জানান; শিশুটিকে কীভাবে নির্যাতন চালানো হতো।

পুলিশ জানায়, বছর তিনেক আগে শিশু আবুজারকে তার বাবা আবদুল আলীম বাঘারপাড়া সদুল্লাপুর দড়িলাকুড়ে হাফিজিয়া মাদ্রাসায় ভর্তি করেন। সেখানে পড়তে না চাওয়ায় মাদ্রাসার সুপার জাহাঙ্গীর আলম তাকে শিকলে বেঁধে প্রায়ই নির্যাতন করতেন।